

## অন্যদের সাহায্য প্রদান

দয়ালু শমরীয় একজন অপরিচিত লোককে সাহায্য করেছিল।

প্রার্থনাঃ “আমাদের বাবা, দরিদ্র প্রতিবাসীদের উপযুক্ত ভাবে প্রেম করতে আমাদের সাহায্য কর।”

সেই সমস্ত কার্যকলাপ পছন্দ করুন যে গুলি ছেলে মেয়েদের পশ্চাৎপট এবং স্থানীয় চাহিদাগুলির সঙ্গে মিল আছে। লুক ১০ঃ২৫-৩৭ পদে দেখুন, ঈশ্বর অন্য মানুষদের প্রতি কিরূপ ব্যবহার আমাদের কাছে আশা করেন, যদিও আমরা হয়ত তাকে চিনি না বা পছন্দ করি না।

- একজন শিক্ষক বা বড় ছেলে বা মেয়ে লুক ১০ঃ২৫-৩৭ পদ থেকে দয়ালু শমরীয়র গল্পটি বলবে।
- ব্যাখ্যা করে বলুন যে আহত ব্যক্তিটি ছিল যিহুদী এবং সেই ব্যক্তি, যে প্রকৃত প্রেম প্রদর্শন করেছিল সে ছিল শমরীয়, একজন ভিন্ন জাতীর। যিহুদী ও শমরীয়রা একই অঞ্চলে থাকলেও তারা একে অপরের শত্রু ছিল।



- ছেলেমেয়েদের জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলীঃ
  - ১। শমরীয় ব্যক্তি আসার আগে কত জন মানুষ সেই আহত ব্যক্তির পাশ দিয়ে বলে গেছিল?
  - ২। যাজক ও লেবীয় মানুষের লোকটি নিজ জাতীয় ধর্মীয় মানুষ। তারা কেন সাহায্যের জন্য থামেনি বলে মনে হয়?
  - ৩। শমরীয়রা ছিল অন্য জাতীর, যারা সর্বদা সেই আহত ব্যক্তির জাতীর সঙ্গে লড়াই করত। তিনি সেই ব্যক্তির জন্য কেমন ধারণা পোষণ করেছিল?
  - ৪। সেই আহত ব্যক্তির জন্য শমরীয় ব্যক্তিটি কি করেছিল?
  - ৫। যীশু এই গল্পে কার উদাহরণ অনুসরণ করতে বলেছিলেন?

লুক ১০ঃ২৫-৩৭ পদ থেকে দয়ালু শমরীয় গল্পটি নাটক করুন। প্রথমে এটি আনুশীলন করুন এবং তারপর উপাসনার সময়ে বড়দের সামনে উপস্থাপন করান। শুধুমাত্র সহজ কাজে গল্পটি অভিনয় করুন। আপনি কিছু প্রাপ্ত বয়স্ক ব্যক্তিদের সাহায্য ভার জন্য বলতে পারেন।

- অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েরা ডাকাতদের, আহত যিহুদীর, যাজকদের এবং লেবীয়র চরিত্রে অভিনয় করবে। তারা কোন সংলাপ বলবে না। শুধুমাত্র গল্পটি অভিনয় করতে হবে। কোন কথা না বলে।
- একমাত্র কথোপকথন শেষে থাকবে যখন শমরীয় সেই হোটেল মালিককে বলবে, “তার যত্ন নেবেন; এবং যা কিছু বেশী খরচ হবে আমি ফেরার সময় সব দিয়ে দেব।” আপনি চাইলে কোন কথোপকথন ছাড়াই তাকে দিয়ে অভিনয় করতে পারেন, শুধুমাত্র ইশারা, ইঙ্গিতের সাহায্যে।
- অনুশীলনের জন্য, শুধুমাত্র গল্পটি পড়ুন এবং অভিনেতারা এই অনুযায়ী অভিনয় করবে। সংলাপহীন অংশগুলো অভিনয়ের সময় আপনার অনুভূতিগুলো যেন আপনার মুখে এবং আপনার অঙ্গ সঞ্চালনে প্রকাশিত হয়।
- দুজন অপেক্ষাকৃত বড় ছেলে বা প্রাপ্তবয়স্করা গাধা এবং দয়ালু শমরীয় হবে। গাধা হবার জন্য নীচু হবার পর পিঠে একটা কঞ্চল ঢাকা দিন।



- একপ্রান্তে একটি লেজ (পুরানো বস্তা অথবা খড়) আটকান এবং অন্যপ্রান্তে কার্ডবোর্ড বা কাপড়ের তৈরী বড় কান যুক্ত একটি মস্তক আটকান থাকবে গাথাটি একবার করে কিছু সময় অন্তর ডেকে উঠবে।

প্রথমে বয়স্কদের কি গল্প পরিবেশন করা হচ্ছে তা বলার দরকার নেই। তারা অনুমান করুক এটা কোন গল্প।

একটি গাথার ছবি এঁকে ব্যাখ্যা করে বলুন, কিভাবে আমরা একে অন্যের জীবনের সমস্যার বোঝা বহন করে একে অন্যকে সাহায্য করতে পারি।

**কবিতাঃ গীতসংহিতা ৪১ঃ১-৩ পদ** থেকে তিনজন ছেলে বা মেয়ে প্রত্যেকে একটি করে মুখস্থ করে বলবে।

ধন্য সেই জন, যে দীনহীনের পক্ষে চিন্তাশীল;

বিপদের দিনে সদাপ্রভু তাহাকে নিস্তার করিবেন।

সদাপ্রভু তাহাকে রক্ষা করিবেন,

জীবিত রাখিবেন;

দেশে সে আশীর্বাদ পাইবে; তুমি শত্রুগণের ইচ্ছাতে

তাহাকে সমর্পণ করিও না।

ব্যাধিশয্যাগত হইলে সদাপ্রভু তাহাকে ধরিয়া রাখিবেন;

তাহার পীড়ার সময়ে তুমি তাহার সমস্ত শয্যা পরিবর্তন করিয়াছ।

- একটি মোমবাতি জ্বালিয়ে একটি টেবিলের উপর রাখুন।
- একটি বড় বুড়ি অথবা বাস্ক উপর থেকে উন্টিয়ে মোমবাতির উপর ঢাকা দিয়ে আলোটি লুকিয়ে ফেলুন। এমন কিছু জিনিস ব্যবহার করবেন না যাতে সহজে আঙুন লেগে যায়।
- **মথি ৫ঃ১৪-১৬ পদ পাঠ** করার পর মোমবাতিটির ঢাকা অংশ খুলে দিন। ব্যাখ্যা করে বলুন ঈশ্বরের প্রতি সত্যিকারের প্রেম আমাদের দরিদ্র মানুষদের পরিচর্যা করতে উদ্বুদ্ধ করে।

**মথি ৫ঃ১৬ পদ মুখস্থ করুন।**

**প্রার্থনাঃ**

“পিতা, আমাদের আশেপাশের মানুষদের অভাবে আমাদের দেখতে সাহায্য কর।

আমরা তাদের চিনি বা না চিনি, তাদের দ্রুত সাহায্য করতে আমাদের সাহায্য কর।

উপযুক্ত উপায়ে তাদের প্রতি প্রেম প্রদর্শনের জন্য সাহায্য কর।

যারা আমাদের বন্ধু বা পরিবারের সদস্য নয়, এমনকি শত্রুদেরও ভালবাসতে তুমি আমাদের সাহায্য কর।

যীশুর নামে চাই, আমেন।”

